এই সহায়িকাটি অডিও রূপে ইংরেজি এবং নিচের ভাষাগুলিতেও পাওয়া যায়।

**ARABIC**
للحصول على نسخة من هذا الدليل باللغة الانجليزية اتصل بـ 311 (معوقي السمع: 212-504-4115) أو قم بزيارة NYC.gov/readyny

**BENGALI**
এই সহায়িকার একটি বাংলা প্রতিলিপি পেতে হলে, 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন অথবা NYC.gov/readyny দেখুন।

**CHINESE**
如欲索取中文版的指南，請致電311 (TTY: 212-504-4115) 或訪問NYC.gov/readyny。

**ENGLISH**
Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

**FRENCH**
Pour obtenir une copie en français de ce guide, appelez le 311 (TTY: 212-504-4115) ou visitez le site NYC.gov/readyny.

**HAITIAN CREOLE**
Pou jwenn yon kopi gid sa a nan lang Kreyòl Ayisyen, rele 311 (TTY: 212-504-4115) oswa ale nan sitwèb NYC.gov/readyny.

**ITALIAN**
Per ottenere una copia di questa guida in italiano, telefonare al numero 311 (TTY: 212-504-4115) o visitare il sito NYC.gov/readyny.

**KOREAN**
본 안내서의 한국어 사본을 받으시려면, 311 (TTY: 212-504-4115)로 전화하시거나 NYC.gov/readyny를 방문하십시오.

**POLISH**
W celu otrzymania polskiej kopii niniejszego przewodnika, należy zadzwonić pod nr 311 (nr dla osób z upośledzeniem słuchu: 212-504-4115) lub zajrzeć na stronę internetową NYC.gov/readyny.

**RUSSIAN**
Для того чтобы получить данную брошюру на русском языке, позвоните по телефону 311 (TTY: 212-504-4115) или посетите веб-сайт NYC.gov/readyny.

**SPANISH**
Llame al 311 (TTY: 212-504-4115) o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

**URDU**
اس ہدایت نامے کی انگریزی کاپی حاصل کریں، 311 (TTY: 212-504-4115) پر کال کریں یا NYC.gov/readyny دیکھیں۔

**YIDDISH**
צו ערהאלטן א אידישע קאפיע פון דעם וועגווייזער, רופט 311 (TTY: 212-504-4115) אדער באזוכט NYC.gov/readyny.

2015 Edition: Bengali

# রেডি নিউ ইয়র্ক

## হারিকেন এবং নিউ ইয়র্ক সিটি



NYC Emergency Management
মেয়র Bill de Blasio
কমিশনার Joseph J. Esposito

APPROVED Ready U.S. Department of Homeland Security

নিউ ইয়র্ক সিটিতে হারিকেনগুলো কী ব্যাপক ক্ষতি ও ধ্বংসযজ্ঞ চালাতে পারে তা সাম্প্রতিক উপকূলীয় ঝড় আইরিন ও স্যান্ডি দেখিয়ে দিয়েছে। আপনার পরিবার ও বাড়িকে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য ঝড় আসার আগেই একটি পরিকল্পনা তৈরি করুন। আপনি কীভাবে প্রস্তুত হতে পারেন তা জানার জন্য আরো পড়ুন।



# হারিকেন সম্পর্কিত মৌলিক বিষয়সমূহ

## যে পরিভাষাগুলো আপনার জেনে রাখা উচিত

**হারিকেনের মৌসুম**
জুনের 1 থেকে নভেম্বরের 30 তারিখ পর্যন্ত (ঐতিহাসিকভাবে, নিউ ইয়র্ক সিটিতে হারিকেন আঘাত হানার সবচেয়ে বেশি সম্ভাবনা থাকে আগস্ট থেকে অক্টোবরের মধ্যে)।

**ট্রপিক্যাল সাইক্লোন**
মেঘ ও বজ্র-ঝড়ের সুসংগঠিত, ঘূর্ণায়মান, কম-চাপযুক্ত আবহাওয়ার অবস্থা যা বিষুবরেখার উপর সৃষ্টি হয়।

**ট্রপিক্যাল ঝড়**
একটি ট্রপিক্যাল সাইক্লোন যার বাতাসের একটানা গতিবেগ ঘন্টায় 39–73 মাইল।

**হারিকেন**
একটি ট্রপিক্যাল সাইক্লোন যার বাতাসের একটানা গতিবেগ ঘন্টায় 74 মাইল বা তারচেয়ে বেশি।

**হারিকেন ওয়াচ**
কোনো নির্দিষ্ট এলাকায় হারিকেনের মত অবস্থা দেখা দেয়ার সম্ভাবনা রয়েছে এমন একটি ঘোষণা। তাই ট্রপিক্যাল-ঝড়ের-শক্তিসম্পন্ন বাতাস দেখা দেয়ার সম্ভাব্য সময়ের 48 ঘন্টা আগে হারিকেন ওয়াচ ইস্যু করা হয়।

**হারিকেন ওয়ার্নিং**
কোনো নির্দিষ্ট এলাকায় হারিকেনের মত অবস্থার প্রত্যাশা করা হচ্ছে এমন একটি ঘোষণা।ট্রপিক্যাল-ঝড়ের-শক্তিসম্পন্ন বাতাস দেখা দেয়ার সম্ভাব্য সময়ের 36 ঘন্টা আগে হারিকেন ওয়ার্নিং ইস্যু করা হয় এবং বিপজ্জনক উচ্চতাবিশিষ্ট পানি ও ঢেউ অব্যাহত থাকলে এই ওয়ার্নিং বলবৎ থাকতে পারে।

## ঝুঁকিগুলো সম্পর্কে জানুন

**ঝড়ের ঢেউ**
হারিকেনের সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতির জন্য দায়ী, ঝড়ের ঢেউ হলো সমুদ্রের পানির একটি বিশাল উঁচু ঢেউ যাকে আসন্ন হারিকেনের ঝড়ো হাওয়া ঠেলে পাড়ে নিয়ে আসে। একটি বড় ধরনের হারিকেন নিউ ইয়র্ক সিটির কিছু এলাকায় 30 ফুটেরও বেশি উঁচু (তিন-তলা ভবনের সমান উঁচু) ঝড়ের ঢেউ নিয়ে আসতে পারে, এবং ঝড়ের ঢেউ ভূখন্ডের ভেতরে কয়েক মাইল পর্যন্ত চলে আসতে পারে। ঝড়ের ঢেউ ও বার বার আঘাত হানা বড় বড় ঢেউগুলো জীবনকে ঝুঁকিপূর্ণ করে তুলতে পারে, ভবন ধ্বংস করতে পারে, সমুদ্র সৈকত ও বালিয়াড়িগুলোকে ক্ষয় করতে পারে, এবং রাস্তা ও সেতুর ক্ষতি করতে পারে।

**বাতাস**
ঘন্টায় 74 মাইল বা তারচেয়ে বেশি বেগের একটানা বাতাস সহ হারিকেন ঘর-বাড়িকে ক্ষতিগ্রস্ত করতে পারে, গাছ-পালা উপড়ে ফেলতে পারে, এবং আলগা জিনিসপত্রগুলোকে মারাত্মক ক্ষেপণাস্ত্রে পরিণত করতে পারে।

**বৃষ্টি**
হারিকেনের কারণে সৃষ্ট ভারী বৃষ্টি হঠাৎ বন্যার সৃষ্টি করতে পারে। নিচু ও পানি নামার সুব্যবস্থা নেই এমন এলাকাগুলোতে বন্যা হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে।

## ঝড়ের শ্রেণিবিভাগ

হারিকেনের ঝড়ো গতির ভিত্তিতে হারিকেনকে পাঁচটি শ্রেণীতে (1 থেকে 5) ভাগ করা হয়। যত ঝড়ের গতি বাড়ে এবং তীব্রতা বাড়ে বিভাগের নম্বর তত বাড়তে থাকে।

## তথ্যসূত্র

অন্যথায় দেখা না হলে, 311 নম্বরে কল করুন (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 অথবা TTY: 212-504-4115) বা সিটি এজেন্সিগুলির সঙ্গে দেখা করতে NYC.gov -এ যান।

**ঘণ্ঈ জরুরি ব্যবস্থাপনা**
NYC.gov/emergencymanagement

**আপনার জোনটি কোনটি তা জানুন**
NYC.gov/knowyourzone

**নোটিফাই NYC**
NYC.gov/notifynyc -এ গিয়ে, 311 নম্বরে ফোন করে, বা টুইটারে @NotifyNYC অনুসরণ করে সঙ্কটকালীন বিজ্ঞপ্তির জন্য নিবন্ধন করুন

**ন্যাশানাল ইন্সুরেন্স প্রোগ্রাম**
www.floodsmart.gov
1-888-379-9531

**ন্যাশানাল হারিকেন সেন্টার/ট্রপিক্যাল প্রেডিকশন সেন্টার**
www.nhc.noaa.gov

**ন্যাশানাল ওয়েদার সার্ভিস**
www.weather.gov

**ফেসবুক এবং টুইটারে NYC জরুরি ব্যবস্থাপনা**
www.facebook.com/NYCemergencymanagement
@nycoem

**প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য NYC -এর মেয়রের অফিস**
NYC.gov/mopd

**ফেসবুক এবং টুইটারে নিউইয়র্ক সিটি**
www.facebook.com/nycgov
@nycgov

**কন এডিসন**
1-800-75-CONED, (800-752-6633), (TTY: 800-642-2308)
www.coned.com

**PSEG LI**
1-800-490-0025, (TTY: 631-755-6660)
www.psegliny.com

**ন্যাশানাল গ্রিড**
718-643-4050, (TTY: 718-237-2857)
www.nationalgridus.com

# প্রস্তুত থাকুন

### একটি দুর্যোগ পরিকল্পনা তৈরি করুন

আপনার পরিবারের সদস্যদের সাথে একটি পরিকল্পনা তৈরি করুন যাতে লেখা থাকবে যদি হারিকেন আঘাত হানে তাহলে কী করতে হবে, একে অপরকে কীভাবে খুঁজে বের করবেন, এবং কীভাবে যোগাযোগ রক্ষা করবেন। NYC.gov/myemergencyplan ওয়েবসাইটে গিয়ে 'রেডি নিউ ইয়র্ক: মাই ইমার্জেন্সি প্ল্যান ব্যবহার করুন।

### আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনের মধ্যে আছেন কিনা তা জেনে নিন

ঝড়ের কারণে সৃষ্ট বন্যার ঝুঁকির উপর ভিত্তি করে শহরের বন্যাপ্রবণ এলাকাগুলোকে ছয়টি ইভ্যাকুয়েশন জোনে (1 থেকে 6) বিভক্ত করা হয়েছে। হারিকেনের গতিপথ এবং ঝড়ের দ্বারা সৃষ্ট ঢেউয়ের সম্ভাব্য উচ্চতার উপর ভিত্তি করে সিটি বাসিন্দাদেরকে বাড়ি-ঘর ছেড়ে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার জন্য নির্দেশ দিতে পারে। আপনার বাড়ি ইভ্যাকুয়েশন জোনের মধ্যে পড়েছে কিনা তা খুঁজে বের করার জন্য NYC.gov/hurricanezones ওয়েবসাইটের হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার ব্যবহার করুন, 311-এ ফোন করুন (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 অথবা TTY: 212-504-4115) অথবা এই পুস্তিকার ম্যাপটি ব্যবহার করুন।

যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনের মধ্যে বসবাস করেন, তাহলে আপনার এলাকার জন্য ইভ্যাকুয়েশন অর্ডার জারি করা হলে আপনি কোথায় যাবেন সে সম্পর্কে একটি পরিকল্পনা তৈরি করে রাখুন।

### যথাযথ বিমা নিন

যদি আপনি ভাড়া বাড়িতে থাকেন, ভাড়াটের বিমা আপনার অ্যাপার্টমেন্টের ভেতরের জিনিসপত্রের বিমা করবে। বাড়ির মালিকরা, আপনাদের বাড়ি এবং এর ভেতরের জিনিসপত্র যথাযথভাবে বিমা করা হয়েছে তা নিশ্চিত করুন - সাধারণত, বাড়ির মালিকের বেসিক পলিসিতে বন্যা ও ঝড়ো বাতাসের কারণে সৃষ্ট ক্ষতি কাভার করে না। ন্যাশনাল ফ্লাড ইন্সুরেন্স প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য www.floodsmart.gov দেখুন।

### প্রতিবন্ধী অথবা বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য

আপনার পরিকল্পনা কিভাবে আপনার বাড়ি থেকে বেড়িয়ে আসা বা আশ্রয় নেওয়া জরুরি কর্মীদেও সাথে যোগাযোগ করার ক্ষমতাকে প্রভাবিত করতে পাওে তার উল্লেখ করে তা নিশ্চিত হোন। আপনার সহায়তার প্রয়োজন হলে আপনার পরিবার, বন্ধু বা পরিষেবা প্রদানকারীদের থেকে সহায়তা পাওয়ার ব্যবস্থা করুন। আপনি যদি নিজে নিজে বেড়িয়ে আসতে না পারেন তাহলে সহায়তার জন্য 311 নম্বরে কল করুন।

জীবন-রক্ষাকারী সরঞ্জামের জন্য যদি আপনার বিদ্যুতের দরকার হয়, তাহলে বাড়ি ছেড়ে যাওয়ার পরিকল্পনা করুন। হারিকেনের পর আপনার বিদ্যুৎ চলে যেতে পারে। আপনার মেডিক্যাল সরঞ্জামগুলি জীবন-নিরবচ্ছিন্ন সরঞ্জামগ্রাহক হিসাবে যোগ্য কিনা অথবা আপনি প্রায়োরিটি পাওয়ার রেস্টোরেশন প্রোগ্রামে নিবন্ধনের জন্য যোগ্য কিনা আপনার ইউটিলিটি কোম্পানিকে জিজ্ঞাসা করুন।

ভ্রমণের জন্য বাড়তি সময় হাতে রাখুন এবং আপনার পরিবহনের চাহিদা, পথ্যের চাহিদা, এবং চিকিৎসাগত চাহিদার (অক্সিজেন, বাড়তি ব্যাটারি, চশমা প্রেসক্রিপশন ইত্যাদি) বিষয়গুলো বিবেচনা করুন। আপনার সবগুলো ওষুধ সাথে করে নিয়ে আসবেন এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে যোগাযোগের তথ্য নিচে লেখা আছে।

ই-মেইল, ফোন, এসএমএস/টেক্সট, বা টুইটারের মাধ্যমে জরুরি বিজ্ঞপ্তি ও হালনাগাদ তথ্য পাওয়ার জন্য 'নোটিফাই NYC -এর জন্য সাইন আপ করুন। নোটিফাই NYC বার্তা আমেরিশান সাইন ল্যাঙ্গুয়েজেও (ASL) উপলব্ধ। এছাড়া আপডেট করা তথ্যেও জন্য NYC.gov/emergencymanagement -এর সঙ্গে পরামর্শ করুন।

# আপনার জোন কোনটি তা জানুন





আপনি কোন ইভ্যাকুয়েশন জোনের মধ্যে বসবাস করছেন তা খুঁজে বের করার জন্য NYC.gov/hurricanezones ওয়েবসাইটের হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার ব্যবহার করুন বা 311-এ ফোন করুন (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 অথবা TTY: 212-504-4115)।

# ঝড় এগিয়ে আসতে থাকলে

যদি একটি ট্রপিক্যাল স্টর্ম বা হারিকেন ওয়াচ ইস্যু করা হয়:

- আলগা, হালকা জিনিসপত্রগুলো, যেমন লনের আসবাবপত্র ও আবর্জনার বাক্সগুলো বাড়ির ভেতরে নিয়ে আসুন।
- যে জিনিসগুলো ভেতরে নিয়ে আসা অনিরাপদ হবে সেগুলো শক্ত করে বেঁধে রাখুন, যেমন গ্যাস গ্রিল ও প্রোপেন ট্যাংক।
- জানালা ও বাইরের দিকের দরজাগুলো সুরক্ষিতভাবে বন্ধ করুন।
- মূল্যবান আইটেম বেসমেন্ট থেকে উপরের তলায় সরিয়ে নিন। (বেসমেন্ট সহজেই বন্যায় ক্ষতিগ্রস্ত হয়।)
- সেল ফোনের ব্যাটারিগুলোতে চার্জ দিয়ে রাখুন।
- আপনার গাড়ি ও জেনারেটরে জ্বালানী ভরে রাখুন।
- আপনি যদি কোন খালি করা জায়গায় থাকেন তাহলে আপনার যানকে উঁচু কোনো স্থানে নিয়ে যান।
- আপনার রেফ্রিজারেটর ও ফ্রিজারের সেটিংস আরো ঠান্ডায় দিয়ে রাখুন। যদি আপনার বিদ্যুৎ চলে যায়, তাহলে ঠান্ডা রাখা দরকার এমন জিনিসগুলো দীর্ঘ সময় ধরে ঠান্ডা থাকবে।
- আপনার বাথটব এবং বড় কন্টেনারগুলি জল ভর্তি করুন, যদি পাওয়ার চলে যায় তাহলে আপনি জলকষ্টের সম্মুখিন হতে পারেন।
- প্রেসক্রিপশনের ওষুধপত্রগুলো রিফিল করে রাখুন।

বন্ধু, আত্মীয় এবং প্রতিবেশী, বিশেষ করে বয়স্ক এবং প্রতিবন্ধীদের খেয়াল রাখুন, কার্যকরী প্রয়োজনীয়তা বা স্বাস্থ্য অবস্থার জন্য প্রবেশাধিকার পান। প্রস্তুত থাকতে তাদের সহায়তা করুন এবং প্রয়োজন হলে ঘর থেকে বের হতে সহায়তা করুন।



# সামগ্রী সংগ্রহ করুন

### একটি গো ব্যাগ প্রস্তুত রাখুন

পরিবারের প্রত্যেক সদস্যের একটি করে গো ব্যাগ থাকা উচিত - গো ব্যাগ হলো সহজে বহনযোগ্য কোনো ব্যাগে যেমন ব্যাকপ্যাকে রাখা সেই সব জিনিসপত্রের একটি সংগ্রহ যেগুলো বাড়ি-ঘর ছেড়ে যাওয়ার সময় আপনার দরকার হতে পারে।

গো ব্যাগের চেকলিস্ট: আপনি একটি একটি করে জিনিস আপনার গো ব্যাগে ভরার পর তালিকায় সেগুলোর নামের পাশে টিকচিহ্ন দেয়ার জন্য নিচের পরামর্শগুলো ব্যবহার করুন। আপনি যাতে এই তালিকায় আরো জিনিসপত্রের নাম যোগ করতে পারেন সেই জন্য খালি জায়গা রাখা হয়েছে, এগুলোর মধ্যে থাকতে পারে মেডিকেল সরঞ্জাম এবং আপনার খাদ্যাভ্যাস অনুযায়ী খাবার।

- ☐ একটি পানিরোধী ও বহনযোগ্য ব্যাগে আপনার গুরুত্বপূর্ণ কাগজপত্রের একটি করে কপি (ইন্সুরেন্স কার্ড, ছবিযুক্ত পরিচয়পত্র, ইত্যাদি)
- ☐ গাড়ি ও বাড়ির এক সেট বাড়তি চাবি
- ☐ ক্রেডিট/এটিএম কার্ডের নগদ এবং প্রতিলিপি
- ☐ বোতলজাত পানি এবং অপচনশীল খাবার, যেমন গ্র্যানোলা বার
- ☐ ফ্ল্যাশলাইট
- ☐ ব্যাটারি-চালিত এএম/এফএম রেডিও
- ☐ ব্যাটারি/চার্জ
- ☐ আপনি গ্রহণ করেন এমন ওষুধপত্রের একটি তালিকা, সেগুলো কেন গ্রহণ করেন, এবং সেগুলোর ডোজের বিবরণ সহ একটি কাগজ
- ☐ ডাক্তারদের নাম ও ফোন নম্বর
- ☐ ফার্স্ট-এইড কিট
- ☐ প্রসাধন সরঞ্জাম
- ☐ আপনার পরিবারের সদস্যদের সাথে যোগাযোগের তথ্য এবং আপনারা কোথায় মিলিত হবেন সেই সম্পর্কিত তথ্য এবং একটি ছোট স্থানীয় ম্যাপ
- ☐ শিশুর যত্ন নেয়ার, পোষা প্রাণীর যত্ন নেয়ার, এবং অন্যান্য বিশেষ প্রয়োজনীয় জিনিসপত্র
- ☐ অন্যান্য ব্যক্তিগত জিনিসপত্রসমূহ:

### একটি জরুরি সরবরাহ কিট তৈরি করুন

হারিকেনের সময় আপনার অবস্থানের জায়গায় আশ্রয় নেয়ার (বাড়িতে থাকার) প্রয়োজন হতে পারে। কমপক্ষে তিন দিনের জন্য আপনার বাড়িতে জিনিসপত্রের পর্যাপ্ত সরবরাহ রাখুন। সেইসাথে, বিদ্যুৎ, পানি, গণপরিবহন, ও টেলিফোনের মত মৌলিক পরিষেবাগুলো কয়েক দিন বা আরো বেশি সময় ধরে বন্ধ থাকতে পারে। পরিষেবাগুলো বন্ধ থাকার সম্ভাব্য সময়ের জন্য আপনার পর্যাপ্ত বাড়তি সরবরাহ রয়েছে তা নিশ্চিত করুন।

জরুরি সরবরাহ কিটের চেকলিস্ট: আপনি একটি একটি করে জিনিস জড়ো করার সময় তালিকায় সেগুলোর নামের পাশে টিকচিহ্ন দেয়ার জন্য নিচের পরামর্শগুলো ব্যবহার করুন।

- ☐ প্রতিদিন জনপ্রতি এক গ্যালন খাওয়ার পানি
- ☐ অপচনশীল, খাওয়ার-জন্য-প্রস্তুত টিনজাত খাবার ও ম্যানুয়াল ক্যান ওপেনার
- ☐ ফার্স্ট-এইড কিট
- ☐ ফ্ল্যাশলাইট
- ☐ ব্যাটারি-চালিত এএম/এফএম রেডিও
- ☐ বাড়তি ব্যাটারি
- ☐ হুইসেল বা বাঁশি
- ☐ আয়োডিন ট্যাবলেট অথবা গন্ধবিহীন এক কোয়ার্ট বিণ্চচ (পানিকে জীবাণুমুক্ত করার জন্য, শুধুমাত্র যদি স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা তা করার জন্য নির্দেশনা দেন) এবং আইড্রপার (পানিতে বিণ্চচ যোগ করার জন্য)
- ☐ অন্যান্য সামগ্রী:

# যদি আপনাকে অবশ্যই বাড়ি ছেড়ে অন্য কোথাও আশ্রয় নিতে হয়

### যদি সিটি আপনার এলাকার জন্য ইভ্যাকুয়েশন অর্ডার জারি করে, তাহলে নির্দেশনা অনুযায়ী ঐ এলাকা ত্যাগ করুন।

শহর কর্তৃপক্ষ স্থানীয় মিডিয়ার মাধ্যমে কোন এলাকা খালি করতে হবে তা জানাবে এবং সেই সম্পর্কে নির্দিষ্ট  নির্দেশিকা প্রদান করবে। যদি ঘর খালি করা আবশ্যিকভাবে জারি করা হয় তাহলে নির্দেশ মতো তা করুন। সম্ভব হলে সরকারি পরিবহন ব্যবহার করবেন, তবে মনে রাখবেন ঝড় হওয়ার ঘন্টা খনেক আগে সরকারি পরিবহন বন্ধ হয়ে যেতে পারে। পরিবহন বিকল্পসহ কিভাবে খালি করতে হয় তা সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য দয়া করে 311 নম্বরে কল করুন (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 অথবা TTY: 212-504-4115)।

### আপনি কোথায় যাবেন তা জেনে রাখুন

বাড়ি ছেড়ে চলে আসা ব্যক্তিদেরকে ইভ্যাকুয়েশন জোনগুলির বাইরে বসবাসরত বন্ধু-বান্ধব বা পরিবারের সদস্যদের সাথে থাকার জন্য সিটি জোরালোভাবে সুপারিশ করে। যাদের আর কোনো আশ্রয়ের জায়গা নেই, তাদের জন্য সিটি পাঁচটি বরোতে ইভ্যাকুয়েশন সেন্টার খুলবে।

যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন সেন্টারে যান, তাহলে কম জিনিসপত্র সাথে নিন, এবং যে জিনিসগুলো নেবেন সেগুলো হলো:

- আপনার গো-ব্যাগ
- স্লিপিং ব্যাগ বা বেডিং
- আপনি নিয়মিতভাবে ব্যবহার করেন এমন যে কোনো ওষুধ, মেডিকেল সরঞ্জাম, বা মেডিকেল যন্ত্রপাতির কমপক্ষে এক সপ্তাহের সরবরাহ (যদি সম্ভব হয়)
- প্রসাধন সামগ্রী

ইভ্যাকুয়েশন সেন্টারগুলোতে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও থাকার ব্যবস্থা থাকবে। কোনো একটি নির্দিষ্ট কেন্দ্রের প্রবেশগম্যতার বৈশিষ্ট্যগুলো সম্পর্কে তথ্যের জন্য, NYC.gov/hurricanezones ওয়েবসাইটের হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার ব্যবহার করুন বা 311-এ ফোন করুন। বাড়ি-ঘর ছেড়ে আসা সব ব্যক্তিদেরকেই গ্রহণ করা হবে, এবং নিউ ইয়র্ক সিটির কোনো ইভ্যাকুয়েশন সেন্টারে বাড়ি-ঘর ছেড়ে আসা ব্যক্তিদের অভিবাসনগত অবস্থা সম্পর্কে কোনো প্রশ্ন জিজ্ঞেস করা হবে না।

### যদি আপনার পোষা প্রাণী থাকে

যদি হারিকেনের কারণে আপনার বাড়ি ছেড়ে চলে আসার প্রয়োজন হয় তাহলে আপনার পোষা প্রাণী নিয়ে আপনি কী করবেন সেই বিষয়টি আপনার দুর্যোগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে তা নিশ্চিত করুন।

যদি কোনো কেনলে (পোষা প্রাণী রাখার জায়গা) অথবা ইভ্যাকুয়েশন এলাকার বাইরে কোনো বন্ধু-বান্ধব বা আত্মীয়ের বাড়িতে আপনার পোষা প্রাণীকে রেখে আসতে না পারেন, প্রোষা প্রাণীদেরকে সিটির সব ইভ্যাকুয়েশন সেন্টারগুলোতে রাখার অনুমতি দেয়া হয়। অনুগ্রহ করে আপনার পোষা প্রাণীর যত্ন নেয়ার জন্য উপকরণগুলো নিয়ে আসবেন, এর মধ্যে রয়েছে খাবার, দড়ি, বহনের জন্য খাঁচা, ও ওষুধপত্র।

### যদি আপনি বেসমেন্টে থাকেন

হারিকেনের কারণে বেসমেন্ট অ্যাপার্টমেন্টের বাসিন্দারা বাড়তি ঝুঁকির সম্মুখীন হতে পারেন, এমনকি তারা ইভ্যাকুয়েশন জোনের বাউন্ডারির বাইরে থাকলেও। সিটির অনেক এলাকা বৃষ্টির কারণে বন্যার মুখোমুখি হতে পারে। যদি আপনি একটি বেসমেন্ট অ্যাপার্টমেন্টে বসবাস করেন, তাহলে মাটির উপরের কোনো শেল্টারে আশ্রয় নেয়ার জন্য প্রস্তুত থাকবেন।

### যদি আপনি কোনো বহুতল ভবনে বসবাস করেন

যদি আপনি কোনো বহুতল ভবনে বসবাস করেন, বিশেষ করে 10ম তলা বা তার উপরে, তাহলে জানালাগুলো থেকে দূরে থাকবেন, কারণ সেগুলো ভেঙে যেতে পারে বা চূর্ণবিচূর্ণ হয়ে যেতে পারে। অথবা, নিচের দিকের কোনো ফ্লোরে নেমে যান। ভবন খালি করার পরিকল্পনা সম্পর্কে সতর্ক থাকুন।

# যদি আপনাকে বাড়ি ছাড়ার আদেশ দেয়া না হয়

### বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়ে যেতে পারে, তাই প্রস্তুতি নিয়ে রাখুন

বিদ্যুৎ সরবরাহ বা অন্যান্য মৌলিক পরিষেবাগুলো বিচ্ছিন্ন হয়ে গেলে ব্যবহারের জন্য আপনার জরুরি সরবরাহ কিটে সুপারিশকৃত সবগুলো আইটেম রয়েছে সেই বিষয়ে নিশ্চিত হয়ে নিন।

বিদ্যুৎ সরবরাহ, মৌলিক পরিষেবাগুলো, ও গণপরিবহন বন্ধ হয়ে গেলে আপনি কিভাবে প্রভাবিত হবেন সে বিষয়ে আপনার উদ্বেগ থাকলে, বাড়ি ছেড়ে আশ্রয়কেন্দ্রে চলে যাওয়ার বিষয়টি বিবেচনা করতে পারেন।

### বর্তমান অবস্থানের জায়গায় আশ্রয় গ্রহণ

যদি আপনার বাড়ি ছেড়ে আসার প্রয়োজন না হয়, তাহলে আপনি বাড়িতেই থাকুন এবং আপনার জরুরি সরবরাহ কিট ব্যবহার করুন। জানালাগুলো থেকে দূরে থাকুন, কারণ সেগুলো ভেঙে যেতে পারে বা চূর্ণবিচূর্ণ হয়ে যেতে পারে এবং হারিকেনের ঝুঁকি এড়ানোর জন্য বাড়ির ভেতরে থাকুন।

# নিউ ইয়র্ক সিটি হারিকেন ইভ্যাকুয়েশন জোন

## NYC ইভ্যাকুয়েশন সেন্টারসমূহ

**ব্রংক্স**

| | | |
|---|---|---|
| **BX COMM COLLEGE** 80 W. 181ST ST. | **IS** 201 730 BRYANT AVE. | **PS** 102 1827 ARCHER ST. |
| **EVANDER CHILDS HS** 800 E. GUN HILL RD. | **LEHMAN COLLEGE** 250 BEDFORD PARK BLVD. W | **PS** 211 1919 PROSPECT AVE. |
| ♿ **HS OF LAW, GOV'T AND JUSTICE** 244 EAST 163RD ST. | **MS-HS** 141 660 W. 237TH ST. | **PS** 306 40 W. TREMONT AVE. |
| **IS** 98 1619 BOSTON RD. | **PS** 5 564 JACKSON AVE. | ♿ **PS / IS** 218 1220 GERARD AVE. |

**ম্যানহাটান**

| | | |
|---|---|---|
| **BARUCH COLLEGE** 155 E. 24TH ST. | **HS OF GRAPHIC COMM** 439 W. 49TH ST. | **JOHN JAY COLLEGE** 445 W. 59TH ST. |
| **LOUIS D. BRANDEIS HS** 145 W. 84TH ST. | **HUNTER COLLEGE** 695 PARK AVE. | **JULIA RICHMOND ED. COMPLEX** 317 EAST 67TH ST. |
| **BREAD AND ROSES HS** 6 EDGECOMBE AVE. | **IS** 88 215 W. 114TH ST. | **SEWARD PARK HS** 350 GRAND ST. |
| **CITY COLLEGE** 181 CONVENT AVE. | ♿ **IS** 90 21 JUMEL PLACE | |
| **G. WASHINGTON HS** 549 AUDUBON AVE. | **IS** 118 154 W. 93RD ST. | |

**কুইন্স**

| | | |
|---|---|---|
| **JOHN ADAMS HS** 101-01 ROCKAWAY BLVD. | **GROVER CLEVELAND HS** 21-27 HIMROD ST. | ♿ **TOWNSEND HARRIS HS** 149-11 MELBOURNE AVE. |
| **AVIATION HS** 45-30 36TH ST. | **HILLCREST HS** 160-05 HIGHLAND AVE. | **QUEENSBOROUGH COMMUNITY COLLEGE** 222-05 56TH AVE. |
| **BAYSIDE HS** 32-24 CORP. KENNEDY ST. | **JHS** 185 147-26 25TH DR. | **WILLIAM C. BRYANT HS** 48-10 31ST AVE. |
| **BELMONT RACETRACK** 2150 HEMPSTEAD TPKE. | **NEWCOMERS HS** 28-01 41ST AVE. | ♿ **PS / IS 268** 92-07 175TH ST. |
| **FLUSHING HS** 35-01 UNION ST. | **NEWTOWN HS** 48-01 90TH ST. | |
| **FOREST HILLS HS** 67-01 110TH ST. | **PS** 19 98-02 ROOSEVELT AVE. | |

**ব্রুকলিন**

| | | |
|---|---|---|
| **BOYS & GIRLS HS** 1700 FULTON ST. | ♿ **PS** 24 427 38TH STREET | **JOHN JAY HS** 237 7TH AVE. |
| **BROOKLYN TECH HS** 29 FORT GREENE PLACE | **IS** 187 1171 65TH ST. | **NYC TECHNICAL COLLEGE** 300 JAY ST. |
| **BUSHWICK HS** 400 IRVING AVE. | **IS** 246 72 VERONICA PLACE | **PS** 189 1100 E. NEW YORK AVE. |
| **CLARA BARTON HS** 901 CLASSON AVE. | **IS** 271 1137 HERKIMER ST. | **PS** 249 18 MARLBOROUGH RD. |
| **FRANKLIN K. LANE HS** 999 JAMAICA AVE. | **IS** 383 1300 GREENE AVE. | **PS** 327 111 BRISTOL ST. |
| **IS** 117 300 WILLOUGHBY AVE. | **JHS** 57 125 STUYVESANT AVE. | **ROOSEVELT HS** 5800 20TH AVE. |

**স্ট্যাটেন আইল্যান্ড**

| | | |
|---|---|---|
| **CURTIS HS** 105 HAMILTON AVE. | ♿ **IS** 75 455 HUGUENOT AVE. | ♿ **PS** 58 77 MARSH AVE. |
| **IS** 51 20 HOUSTON ST. | **PETRIDES COMPLEX** 715 OCEAN TERRACE | |

আপনি হারিকেন ইভ্যাকুয়েশন জোনগুলোর কোনোটির মধ্যে বসবাস করেন কিনা তা খুঁজে বের করতে **NYC.GOV/HURRICANEZONES** ওয়েবসাইটে যান বা 311-এ ফোন করুন।

## আপনার জোন কোনটি তা জানুন*

1. www.NYC.gov/hurricanezones ওয়েবসাইটের হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার ব্যবহার করে, 311-এ ফোন করে (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 অথবা TTY: 212-504-4115) বা এই ম্যাপটি ব্যবহার করে খুঁজে বের করুন যে আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনের মধ্যে বসবাস করেন কিনা। যদি আপনার বাড়ির ঠিকানা সিটির হারিকেন ইভ্যাকুয়েশন জোনগুলোর কোনোটির মধ্যে পড়ে, তাহলে নিউ ইয়র্ক সিটি কোনো হারিকেনের হুমকির মুখে পড়লে আপনাকে বাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য নির্দেশ দেয়া হতে পারে।
2. বাড়ি ছেড়ে চলে আসা ব্যক্তিদেরকে ইভ্যাকুয়েশন জোনের বাউন্ডারির বাইরে বসবাসরত বন্ধু-বান্ধব বা পরিবারের সদস্যদের সাথে থাকার জন্য প্রস্তুত থাকতে হবে।
3. যদি আপনি বন্ধু-বান্ধব বা পরিবারের সদস্যদের সাথে থাকতে না পারেন, তাহলে ফাইন্ডার ব্যবহার করুন, 311-এ ফোন করুন (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675 অথবা TTY: 212-504-4115) বা এই ম্যাপটি ব্যবহার করে খুঁজে বের করুন যে কোন ইভ্যাকুয়েশন সেন্টারটি আপনার জন্য সবচেয়ে উপযুক্ত হবে।

* লোকজনকে সরিয়ে নেয়া সম্পর্কিত তথ্য পরিবর্তিত হতে পারে। সর্বশেষ তথ্যের জন্য www.NYC.gov ওয়েবসাইট দেখুন বা 311-এ ফোন করুন (TTY: 212-504-4115)। সর্বশেষ অবস্থান সম্পর্কিত তথ্যের জন্য এমটিএ-এর ওয়েবসাইট www.mta.info দেখুন বা 511-এ ফোন করুন। জরুরি পরিস্থিতিতে ইভ্যাকুয়েশনের জন্য আপনার সহায়তার প্রয়োজন হলে, অনুগ্রহ করে 311-এ ফোন করুন।

## হারিকেন ইভ্যাকুয়েশন জোন**

যখন কোনো উপকূলীয় ঝড় এগিয়ে আসতে থাকে, তখন ঝড়ের ঢেউয়ের কারণে বন্যার ঝুঁকিতে থাকা এলাকাগুলো থেকে লোকজনকে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার জন্য সিটি নির্দেশ দিতে পারে, এটা জোন 1 থেকে শুরু হয় এবং প্রয়োজন অনুযায়ী আরো জোন যোগ করা হয়। হারিকেনের শক্তি, গতিপথ, ও ঝড়ের ঢেউয়ের পূর্বাভাষ থেকে জীবনের নিরাপত্তার উপর হুমকির ভিত্তিতে জোনগুলো থেকে লোকজনকে সরিয়ে নেয়া হবে।

| জোন 1 | জোন 2 | জোন 3 | জোন 4 | জোন 5 | জোন 6 |
|---|---|---|---|---|---|

● ইভ্যাকুয়েশন সেন্টারসমূহ

♿ ব্যবহারযোগ্য উদ্বাসন কেন্দ্র

** উদ্বাসন কেন্দ্রসুলির তথ্য এবং প্রবেশযোগ্যতার বৈশিষ্ট্য পরিবর্তন হতে পারে। ভবনের স্থিতি এবং প্রবেশযোগ্যতার বৈশিষ্ট্য সম্পর্কে আপডেট তথ্যের জন্য দয়া করে NYC.gov/hurricanezone -এ যান অথবা 311 নম্বরে কল করুন।

